



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ জানুয়ারি ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

লক্ষীছড়িতে চার সংগঠনের আয়োজিত সমাবেশে হামলার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)এর কেন্দ্রীয় সদস্য ও সংগঠক সচিব চাকমা আজ ৩ জানুয়ারি ২০১৭ মঙ্গলবার এক বিবৃতিতে খাগড়াছড়ির লক্ষীছড়িতে উপজেলা চেয়ারম্যান সুপার জ্যোতি চাকমার মুক্তির দাবিতে আয়োজিত বিক্ষোভ সমাবেশে সেনা-সেটলার হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং হামলার প্রতিবাদে চার সংগঠন কর্তৃক ডাকা অনির্দিষ্টকালের জন্য লক্ষীছড়ি বাজার বয়কটের প্রতি সমর্থন জ্ঞাপন করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, ‘আজ মঙ্গলবার (৩ জানুয়ারি) দুপুরে সচেতন নাগরিক সমাজ, পার্বত্য চট্টগ্রাম নারী সংঘ, পাহাড়ি ছাত্র পরিষদ ও গণতান্ত্রিক যুব ফোরামের ব্যানারে লক্ষীছড়ি উপজেলা মাঠে বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে যোগ দিতে সদর উপজেলার জুরগাছড়ি এলাকা দিয়ে কয়েক শত লোক আসার সময় ধুরং ব্রীজ এলাকায় সেনা-সেটলাররা তাদের উপর বিনা উল্কা নিতে লাঠিসোঁটা ও ইটপাটকেল নিয়ে হামলা চালায়। এতে প্রাণের ভয়ে যে যেরদিকে পারে পালিয়ে যাবার চেষ্টা করেও হামলা থেকে রেহাই পায়নি।’

তিনি আরো বলেন, ‘ওই হামলার পর লক্ষীছড়ি উপজেলা মাঠে অনুষ্ঠিত সমাবেশে অংশগ্রহণকারীদের সেনাবাহিনী জোরপূর্বক তাড়িয়ে দেয়। এ সময় লোকজন বাড়ি ফেরার পথে লক্ষীছড়ি বাজার এলাকায় পৌঁছলে সেখানে তাদের উপর আরেক দফা হামলা চালানো হয়। দু’ দফা হামলায় কমপক্ষে শতাধিক পাহাড়ি আহত হয়েছেন। আহতদের মধ্যে অনেকের অবস্থা গুরুতর।’

সচিব চাকমা উক্ত হামলাকে ন্যাক্কারজনক ও বর্বরোচিত আখ্যায়িত করে বলেন, ‘পাহাড়ি জনগণের কণ্ঠ রোধ করতে ও সুপার জ্যোতি চাকমাকে মিথ্যা অজুহাতে গ্রেফতার করে যে অন্যায় ও মৌলিক অধিকার হরণ করা হয়েছে তা ধামাচাপা দিতে পরিকল্পিতভাবে হামলা চালানো হয়েছে।’

লক্ষীছড়ি বাজার বয়কটের ঘোষণাকে ন্যায়সঙ্গত ও যৌক্তিক আখ্যায়িত করে তিনি বলেন, জনগণ এই বর্বরতার অবশ্যই সমুচিত জবাব দেবেন। তিনি অবিলম্বে হামলাকারীদের গ্রেফতার ও শাস্তি এবং সুপার জ্যোতি চাকমাকে মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।